



আজ ফেনী যাচ্ছেন প্রধানমন্ত্রী, থাকছে যেসব কর্মসূচি



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ার পর প্রথমবারের মতো আজ বৃহস্পতিবার (১ অক্টোবর) ফেনী সফরে যাচ্ছেন তারেক রহমান। দিনব্যাপী সফরে পরশুরাম ও ফুলগাজী উপজেলায় কয়েকটি সরকারি কর্মসূচিতে অংশ নেবেন তিনি।

সফরকে ঘিরে ফেনীতে নেওয়া হয়েছে ব্যাপক প্রস্তুতি। পাশাপাশি ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের কুমিল্লা অংশে জোরদার করা হয়েছে নিরাপত্তা। সেখানে চার স্তরের নিরাপত্তাবলয় থাকবে এবং প্রধানমন্ত্রীর যাতায়াত নিবিড় করতে প্রায় ১ হাজার ২৫০ পুলিশ সদস্য মোতায়েন করা হবে।

সফরসূচি অনুযায়ী, সকাল সাড়ে ৮টায় সড়কপথে ঢাকার বাসভবন থেকে পরশুরামের উদ্দেশে রওনা দেবেন প্রধানমন্ত্রী। দুপুর সাড়ে ১২টায় ঘাটঘর মুহুরী ব্রিজ এলাকায় ‘মুহুরী-কছা বন্যা নিয়ন্ত্রণ, নিষ্কাশন ও সেচ প্রকল্পের পুনর্বাসন (১ম পর্যায়)’ প্রকল্পের উদ্বোধন ও শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠানে যোগ দেবেন।

এরপর বেলা ১টা ১৫ মিনিটে ফুলগাজীর বেগম খালেদা জিয়া মহিলা কলেজের উদ্দেশে রওনা হয়ে সেখানে বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশ নেবেন। বেলা ২টায় ফুলগাজী জেলা পরিষদ ডাকবাংলোয় ‘রুফটপ সোলার’ থেকে জাতীয় গ্রিডে বিদ্যুৎ সরবরাহ কার্যক্রমের উদ্বোধন করার কথা রয়েছে তার।

বিকেল ৩টায় ফুলগাজী সরকারি পাইলট হাইস্কুল মাঠের অনুষ্ঠানে ফ্যামিলি কার্ড, কৃষক কার্ড এবং মসজিদের ইমাম, মুয়াজ্জিন, খাদেমসহ বিভিন্ন ধর্মীয় উপাসনালয়ের কর্মীদের সম্মানী প্রদান কর্মসূচিতে অংশ নেবেন প্রধানমন্ত্রী।

সব কর্মসূচি শেষে বিকেল ৫টায় সড়কপথে ঢাকার উদ্দেশে ফেনী ছাড়বেন তিনি। রাত ৯টার দিকে ঢাকায় পৌঁছানোর কথা রয়েছে।